

রিভার বাংলা নদীসভা পরিচালনা সংক্রান্ত নীতিমালা

- ধারা-১ : “রিভার বাংলা নদীসভা” নদী বিষয়ক পত্রিকা রিভার বাংলা ডটকম এর সহযোগী সংগঠন। প্রতিটি কমিটি রিভার বাংলা ডটকম এর নীতিমালা মেনে পরিচালিত হবে।
- ধারা- ২ : রিভার বাংলা ডটকম এর সম্পাদক প্রত্যেক কমিটির উপদেষ্টা ও সমন্বয়ক হিসেবে কাজ করবেন। প্রতটি কমিটিকে কারিগরি সহায়তা দিবে রিভার বাংলা ডটকম।
- ধারা- ৩ : নদী বাঁচলে জীবন বাঁচবে, নদী বাঁচলে দেশ বাঁচবে, বাঁচবে ধরনী এই প্রাথমিক দর্শনে বিশ্বাসী ব্যক্তিরাই রিভার বাংলা নদীসভার সদস্য হতে পারবেন। রিভার বাংলা নদীসভার সদস্যদের প্রাথমিক পরিচয় হবে তাঁরা প্রত্যেকে একজন “নদী কর্মী”।
- ধারা- ৪ : রিভার বাংলা নদীসভার প্রতিটি স্থানীয় কমিটি স্বাধীনভাবে কাজ করবে। একটি কমিটি অন্য কমিটির কাজের উপর হস্তক্ষেপ করতে পারবে না। প্রতিটি নদীসভা পরিচালিত হবে আহবায়ক কমিটি দ্বারা। কমিটির মেয়াদ দুই বছর।
- ধারা- ৫ : প্রতিটি কমিটি নূন্যতম ১১ সদস্য বিশিষ্ট হবে। কমিটির একজন আহবায়ক, একজন যুগ্ম আহবায়ক, একজন সদস্য সচিব ও অন্যরা সদস্য হিসেবে বিবেচিত হবে। তবে কমিটির প্রয়োজনে এর সদস্য সংখ্যা বাড়িয়ে ১৭ পর্যন্ত করা যাবে।
- ধারা- ৬ : প্রতিটি কমিটি সংশ্লিষ্ট এলাকার নদ-নদী নিয়ে কাজ করবে। এর মধ্যে রয়েছে নদী কেন্দ্রীক দিবস পালন, নদ- নদী দখল প্রতিরোধে ভূমিকা পালন, নদী সুরক্ষায় সাধারণ মানুষকে সচেতন করা ছাড়াও পদযাত্রা, মানববন্ধনসহ নানা কর্মসূচি পালন।
- ধারা- ৭ : প্রতিটি নদীসভা পরিচালিত হবে নদী কর্মীদের অর্থিক সহযোগিতায়।



RIVER BANGLA



riverbanglamag@gmail.com



www.riverbangla.com



+880 1615 580093